দৈনিক খবর

তারিখ ... ... 03 JUL 1988

পৃষ্ঠা ... ... ... 1 কলাম 4 ...

120

# স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদফতর গঠনের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি অবিলম্বে একটি স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদফতর গঠনের দাবী করে বলেছে, বিদ্যালয় ও পরিদর্শক শাখার বহু শূন্য পদ নিয়োগ বিধি না থাকায় পূরণ করা যাচ্ছে না। অবিলম্বে নিয়োগ বিধি প্রণয়ন ও শূন্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমিতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে।

গতকাল খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয় শিক্ষক মিলনায়তনে, সমিতির সভাপতি ডঃ সৈয়দ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভায় এ দাবী জানানো হয়। সমিতির সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম সভায় '৮৮-৮৯ সালের বাজেট পেশ করেন।

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## স্বতন্ত্র মাধ্যমিক

প্রথম পৃষ্ঠার পর

সভায় বলা হয়, ক্যাডার সার্ভিসভুক্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার মধ্যে অনভিপ্রেত বেতন বৈষম্যে [illegible] অধঃস্তন শিক্ষকদের চেয়ে কম বেতন পাওয়ায় বিদ্যালয় প্রশাসন দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ বেতন বৈষম্য দূর করার আহবান জানিয়ে সভায় কামেল পাস শিক্ষকদের ৬২৫ টাকা বেতনক্রম প্রদানের রাষ্ট্রপতি ঘোষণা অবিলম্বে [illegible]নের দাবী জানান হয়।